

**মোট পাস ও জিপিএ-৫
পাওয়ার ক্ষেত্রে রেকর্ড**

ডাক, রিপোর্টার : মোট পাস এবং জিপিএ-৫ পাওয়ার ক্ষেত্রে রেকর্ড করেছে এবারের এসএসসি ও সমমান পরীক্ষার্থীরা। ২০০১ সালে যেডিং পদ্ধতি চালুর পর পরবর্তী এগারো বছরে জিপিএ-৫ হার শিক্ষার্থীর সংখ্যা বেড়েছে ৮২ হাজার ১৪২ জন। এবার সার্বমুখ্যে জিপিএ-৫ পেয়েছে মোট ৮২ হাজার ২১২ জন। ২০০১ সালে জিপিএ-৫ পেয়েছিল মাত্র ৭৬ জন শিক্ষার্থী। ফল পর্যালোচনা করে দেখা যায়, গত বছর অর্থাৎ ২০১১ সালে পাসের হার ছিল ৮২ দশমিক ৩১ শতাংশ। এবার সে অনুসারে পাসের হার ৪ দশমিক ০৬ শতাংশ বেশি অর্থাৎ ৮৬.৩৭ শতাংশ। ২০১০ সালে এ হার ছিল ৭৮ দশমিক ১৯ শতাংশ। পাসের হারের সঙ্গে সঙ্গে এবার জিপিএ-৫ প্রতিশেষে হয়েছে রেকর্ড। সার্বমুখ্যে এবার মোট জিপিএ-৫ পেয়েছে ৮২ হাজার ২১২ জন। গত বছরের চেয়ে এই সংখ্যাটা ৫ হাজার ৪৬০ জন বেশি। ২০১১ সালে জিপিএ-৫ অর্জনকারী শিক্ষার্থীর সংখ্যা ছিল ৭৬ হাজার ৭৪৯ জন। ২০১০ সালে জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা ছিল ৬২ হাজার ১০৪ জন।

২০০২ সালে জিপিএ-৫ পায় ৩২৭ জন,
২০০৩ সালে এক হাজার ৩৯৯ জন,
২০০৪ সালে আট হাজার ৫৯৭ জন,
২০০৫ সালে ১৫ হাজার ৬০১ জন,
২০০৬ সালে ২৪ হাজার ৩৮৪ জন,
২০০৭ সালে ২৫ হাজার ৭০২ হলেও,
২০০৮ সালে ৪১ হাজার ৯১৭ জন,
২০০৯ সালে ৪৫ হাজার ৯০৪ জন,
২০১০ সালে পেয়েছিল ৬২ হাজার ১০৪ জন। ২০১১ সালে জিপিএ-৫ পায় ৬২ হাজার ২৮৮ জন।